

গল্প নয় সত্যি

প্রাণিসম্পদ খাতে করোনায় ক্ষতিগ্রস্ত ৪ লাখ ৮৫ হাজার ৪৭৬ জন খামারিকে উপহার হিসেবে মোট ৫৬৮ কোটি ৮৬ লাখ ৪১ হাজার ২৫০ টাকা নগদ প্রণোদনা দিয়েছে সরকার। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বাংলাদেশের ইতিহাসে স্বর্ণালী অধ্যায়। প্রাণিসম্পদ খাতে ক্ষতিগ্রস্ত প্রায় পাঁচ লাখ খামারিকে তাদের নির্ধারিত মোবাইল নম্বরে আমরা নগদ প্রণোদনা পৌঁছে দিয়েছি। আরও প্রায় দুই লাখ খামারিকে প্রণোদনা দেওয়ার বিষয়ে আমরা পরিকল্পনা নিয়েছি। এটা আমরা যাচাই-বাছাই করছি, যাতে কোনোভাবে মধ্যস্থত্বভোগীরা প্রান্তিক পর্যায়ের মানুষদের জন্য প্রণোদনা সহায়তা নষ্ট করতে না পারে।